বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৫৩৭/২০১৮-১৬০ তারিখ: ২৮ মার্চ, ২০১৯

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Emerald Oil Industries Limited 'issuer'হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange rules, 1987 এর rule 12(3A) এ উল্লেখ রয়েছে যে, "The issuer company's financial statements shall be audited within one hundred and twenty days from the date on which the issuer's financial year ends and a copy of such audited financial statements should be submitted to the Commission and the Stock Exchanges within fourteen days thereof;
Provided that on the application filed by the issuer within the aforesaid specified time the Commission may on good cause shown and only under extreme circumstances extend the time for auditing the financial statements or submission of the financial statements to the Commission, as the case may be, as it deems fit:"

যেহেতু, Securities and Exchange rules, 1987 এর rule 12(3A) অনুযায়ী যথাসময়ের মধ্যে ইস্যুয়ার জুন ৩০, ২০১৭ইং সমাপ্ত বছরের জন্য আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থ হয়েছে;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক উপর্যুক্ত আলোচ্য বিষয়ে ব্যর্থতার কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের অক্টোবর ২৩, ২০১৮ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৫৩৭/২০১৮/৪২০ স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালক ও কোম্পানি সচিবকে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা প্রথমে ১৫ নভেম্বর, ২০১৮ইং তারিখে শুনানিতে উপস্থিত হয় এবং পরবর্তীতে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের ডিসেম্বর ০৯, ২০১৮ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৫৩৭/২০১৮/৫৪৩ স্মারকমূলে ১৯ ডিসেম্বর, ২০১৮ইং তারিখে পুন:শুনানিতে উপস্থিত হয়ে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করে-

*"We deeply regret that, as we mentioned you in earlier letters on March 2016 and in our presence of hearing in your office dated on November 15, 2018 that* ***Mr. Syed Hasibul Gani Galib, Managing Director of the company were arrested by the Anti Corruption Commission for loans taken from BASIC bank****, which ultimately became a national issue. There was several negative news about the Managing Director as well as the Company in the newspapers and among the dealers, distributors, retailers and the customers also, which seriously hampered the business of the company. For which we could not do well particularly in the last two years resulting in reduction in the revenue as well as profitability of the Company.*



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

*On the other hand, we informed you that, after getting the bail of the mentioned case the Managing Director Mr. Syed Hasibul Gani Galib, major sponsor shareholder of the Company went abroad for medical treatment of severe kidney disease & he is currently hospitalized by replacing his kidney.*

*We also informed you that, in the last AGM of the Company held on 31st December 2016 there was an agenda of retirement and re-appointment of Directors as per company's Act.* ***In the meeting Managing Director Mr. Syed Hasibul Gani Galib and Director Mr. A.S.M. Monirul Islam had retired but they did not submit their willingness for re-appointment and accordingly they had not been re-appointed by the Shareholders.***

*During this crucial situation we are facing a lot of crisis along with financial crisis from the previous two years. Although we tried our best to run the Company but could not do so due to lack of financial handicaps and ultimately shutdown the production. As such we are looking for a potential investor who may take over the Company and could run it smoothly. Finally, we find an investor, who is willing to take over the Company with its assets and liabilities. Already we arranged meeting with the said investor and the esteemed bank's. In this connection we and the investor submitted a formal written proposal with respect to the said arrangements to the bank`s and we hope it will be resolved soon. We have attached the copy of receiving letter to you which were submitted to the said bank`s.*

*Considering the mentioned circumstances, we hereby earnestly request you please accept our apology for non-compliance of the Securities laws and in this regard, I request you to give one month time to know you about the updates."*

যেহেতু, শুনানি শেষে আলোচ্য বিষয়ে কমিশনের মতামত নিম্নরূপ-

The explanation of the Emerald Oil Industries Limited is not acceptable because

I. The company has failed to submit the Annual Financial Statements for the year ended on June 30, 2017 to the Commission and the Stock Exchanges till January, 2018
II. The Company has failed to reform the board after the retirement of Managing Director & Other directors since 31st December, 2016

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, ইস্যুয়ার কোম্পানির জুন ৩০, ২০১৭ইং তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থতা Securities and Exchange rules, 1987 এর rule 12(3A) এর সুস্পষ্ট লংঘন; এবং ইস্যুয়ার কোম্পানি তাদের লিখিত বক্তব্যে আনীত অভিযোগ স্বীকার করেছে;

যেহেতু, Emerald Oil Industries Limited একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী, যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক জুন ৩০, ২০১৭ইং তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থতার কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়গকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানি একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী, তারা প্রত্যেকে আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 **এর** Section 22 **এর অধীন শাস্তিযোগ্য অপরাধ**;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণ সহ প্রধান নির্বাহী কর্মকর্তার প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

(১) Emerald Oil Industries Limited এর পরিচালক **জনাব অমিতাভ ভৌমিক** এর উপর ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

১৮/০৩/২০২২

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। জনাব অমিতাভ ভৌমিক, পরিচালক, এমারেল্ড ওয়েল ইন্ডাস্ট্রিজ লিমিটেড